

একটা পাখি তিনটে পাখি

অমরেন্দ্র চক্রবর্তী

একটা পাখি, তিনটে পাখি, পাঁচটা পাখি,
আমার সঙ্গে এতই তোদের মাখামাখি!
জানলা পেয়ে ঢুকলি ঘরে,
আমি ভুগছি প্রবল জ্বরে—
বল তো তোদের কোথায় বসাই, কোথায় রাখি?

টেবিলে বই, চেয়ারে লোক,
বাড়ির লোকের মনে তো শোক—
কোথায় তোদের বসাই, দেবো আলনাটা কি?

ছোট্ট ঘরে রোগ-বিছানা,
সারবো কি না তাও জানি না—
পাখি তোরা চলে যাস না,
থামাস না ওই ডাকাডাকি।

পাখি, আমার ইচ্ছে হচ্ছে মনে মনে
তোদের সঙ্গে বনে বনে
একলা থাকি।

*(প্রথম প্রকাশ: আনন্দমেলা/ আনন্দবাজার পত্রিকা, সোমবারের পাতা:1972)